

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ

- ১। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ২। অনলাইন সপ হতে সংগৃহীত দরসমূহ।
- ৩। প্রস্তাবিত প্রাক্কলন।
- ৪। ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
- ৫। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

বিষয়ঃ Procurement of Easy bike battery for auto rickshaw under SKWP কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ১

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক পানি সরবরাহ করা হয়। উল্লেখ্য, অত্র প্লান্টের আওতাধীন দুইটি Iron Removal Plant (IRP), ১টি Over Ground Reservoir (OGR), ১টি বুস্টার পাম্পিং স্টেশন এবং ৪৬ (৪৫) টি গভীর নলকূপ পাম্প স্টেশন রয়েছে। ২৫ বর্গ কিলোমিটার বিশাল এলাকা বিজুত স্থাপনাসমূহে সার্বিক ব্যবস্থাপনা পরিচালনা করে রাজধানী ঢাকায় পানি সরবরাহ করা হয়। প্রতিটি পানির পাম্পে নিয়মিত প্রিভেন্টিভ মেইন্টেনেন্স, জেনারেটর লোড টেস্ট রান, পাম্প রুট বরাবরে ওভার হেড বৈদ্যুতিক লাইনের আর্থ ফল্ট রিমুভ এবং ট্রি-ট্রিমিং কাজসহ কুইক রেসপন্স টিমের ইমারজেন্সি যাতায়াতের প্রয়োজন হয়। প্রয়োজনীয় টুলস ও মালামাল নিয়ে পাম্পগামী সংকীর্ণ রাস্তায় ৩-৪ জন যাতায়াতের জন্য অত্র বিভাগে দুইটি ব্যাটারী চালিত অটোরিক্সা/ইজি বাইক রয়েছে। প্রতিটি ইজি বাইক 12 V, 140 Ah এর চারটি ব্যাটারী দ্বারা পরিচালিত হয়। সম্প্রতি ব্যাটারী নষ্ট হওয়ায় অটোরিক্সা/ইজি বাইক দুটি অকেজো রয়েছে। অপারেশন ও মেইন্টেনেন্স টিমের কাজের স্বার্থে এবং ব্যয় সাশ্রয়ী, বর্গিত যানবাহনে যথাযথ স্পেসিফিকেশনের সর্বনিম্ন ৩ টি ব্যাটারী ক্রয় করা হলে ১ টি ইজি বাইক কার্যপোয়ুগী হবে।

অনুচ্ছেদঃ২

সেলেক্টে, বর্গিত কাজের জন্য সংযুক্তি-১ এর স্পেসিফিকেশন মোতাবেক বাজার দর যাচাই করা হয়েছে (সংযুক্তি-২)। অনলাইনে প্রাপ্ত সর্বনিম্ন দর অধিকতর নিশ্চিত হয়ে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳.৩৯,৯০০.০০/- (টাকা উনচল্লিশ হাজার নয়শত) টাকা মাত্র (সংযুক্তি ক্রমিক নং-৩)। কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে বহন করা হবে (সংযুক্তি ক্রমিক নং-৪)। যাহা অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৭ হিসাবে অর্ন্তভুক্ত (সংযুক্তি-৫)। কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে সম্পন্ন করে প্রকৃত বিল, ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদঃ৩


এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ ও ২ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের আওতায় Procurement of Easy bike battery for auto rickshaw under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ


ক) কাজটি PPO-2025 (Revised) এবং PPR-2025 এর বিধি ১০০ মোতাবেক অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের অনুমোদন।


খ) প্রাক্কলিত ৳.৩৯,৯০০.০০/- (টাকা উনচল্লিশ হাজার নয়শত) টাকার অস্থায়ী অগ্রীমের প্রাক্কলন অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



০৫/১১/২৫
মোঃ নেজাম উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


০৫/১১/২৫
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।



০৫/১১/২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


০৫/১১/২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।



৪।  অনুমোদন করা হল,

০৫/১১/২৫


২৭/১১/২৫

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।